ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd
আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.৩০৯

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

বিষয়: **'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর জন্য আবেদন আহ্বানের বিজ্ঞপ্তিটি সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/কার্যালয়কে অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ডিসেম্বর ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদযাপন উপলক্ষ্যে প্রতিবছরের ন্যায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' প্রদানের নিমিত্ত অনলাইনে (www.digitalbangladesh.gov.bd) আবেদন আহ্বান করা হয়েছে (বিজ্ঞপ্তির কপি সংযুক্ত)। আবেদন আহ্বানের বিজ্ঞপ্তিটি ইতোমধ্যে বহুল প্রচলিত দৈনিক পত্রিকা, অনলাইন নিউজ পোর্টাল ও স্যাটেলাইট টেলিভিশন চ্যানেলে প্রচার করা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী www.ictd.gov.bd এবং www.doict.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। এমতাবস্থায়, উপরোল্লিখিত বিষয়টি আপনার আওতাধীন দপ্তর/সংস্থা/কার্যালয়কে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ
(ক) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২ এর আবেদন আহ্বানের বিজ্ঞপ্তি (2853/potrojariAttachmentRef/31459/0/58)
(খ) ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১ (2855/potrojariAttachmentRef/31459/0/58)

২১-৭-২০২২
মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ
অতিরিক্ত সচিব
ফোন: ০২-৪১০২৪০৪১
ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১৫৬৫
ইমেইল: navid.safiullah@ictd.gov.bd

বিতরণ (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো) : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)
১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সিনিয়র সচিব/সচিব (সকল)
৪) বিভাগীয় কমিশনার (সকল)
৫) দপ্তর/সংস্থা/এজেন্সি/প্রকল্প প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
৬) প্রধান তথ্য অফিসার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য অধিদফতর (বিজ্ঞপ্তিটি প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)

৭) জেলা প্রশাসক (সকল)

৮) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৯) প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১০) সহকারী প্রোগ্রামার (সকল), উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১১) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সমিতি (বিসিএস)

১২) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি (বিসিএস)

১৩) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব সফটওয়্যার অ্যান্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)

১৪) সভাপতি, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কন্টাক্ট সেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্কো)

১৫) সভাপতি, ই-কমার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ই-ক্যাব)

১৬) সভাপতি, ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার এসোসিয়েশন অব বাংলাদেশ (আইএসপিএবি)

১৭) সভাপতি, বাংলাদেশ ওম্যান ইন আইটি (বিডব্লিউআইটি)

১৮) সভাপতি, অ্যাসোসিয়েশন অব মোবাইল টেলিকম অপারেটরস অব বাংলাদেশ (এমটব)

১৯) সভাপতি, আমরাই ডিজিটাল বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০০৪.২২.৬০৯/১(২)

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)

২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২১-৭-২০২২
মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ
অতিরিক্ত সচিব

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা
(আইসিটি শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০১৯.৩৭.০৩০.১৭- ৮৭

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

০১। দপ্তর প্রধান,..........................................................পাবনা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর/আটঘরিয়া/ঈশ্বরদী/চাটমোহর/ভাঙ্গুড়া/ফরিদপুর/বেড়া/সাঁথিয়া/সুজানগর, পাবনা।

বর্ণিত পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩/৮/২২
(লাবনী আক্তার তারানা )
সহকারী কমিশনার (আইসিটি)
ফোন: ০২৫৮৮৮৪৪১৪১
ইমেইল-ict.sec.pabna@gmaill.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
www.doict.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.০০০০.০০৮.২৩.০২৮.২২।৭২৭

তারিখ: ০৫ শ্রাবণ ১৪২৯
২০ জুলাই ২০২২

# বিজ্ঞপ্তি

বিষয়ঃ 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২' এর জন্য আবেদন আহ্বান।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অবদান রাখার জন্য ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে অনুপ্রেরণা, উৎসাহ ও উদ্দীপনা যোগানো এবং স্বীকৃতি প্রদানের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে শ্রেষ্ঠ ব্যক্তি, দল ও প্রতিষ্ঠানকে **'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার ২০২২'** প্রদানের নিমিত্ত আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদন দাখিল, যাচাই-বাছাই ও মূল্যায়নের তফসিল নিম্নরূপঃ

| পর্যায় | সময়সীমা |
|---|---|
| আবেদন আহ্বান | ২০ জুলাই |
| জেলা এবং জাতীয় পর্যায়ে অনলাইনে আবেদন দাখিল | ২৩ জুলাই – ২২ আগস্ট |
| জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই | ৩১ আগস্ট |
| কেন্দ্রীয় কমিটি কর্তৃক জেলা এবং জাতীয় পর্যায়ে প্রাপ্ত বাছাইকৃত আবেদনসমূহ মূল্যায়নপূর্বক সুপারিশ প্রদান | ৩০ অক্টোবর |
| সুপারিশকৃত আবেদনসমূহ 'জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র নিকট প্রেরণ | ১০ নভেম্বর |
| ডিজিটাল বাংলাদেশ পুরস্কার প্রদান | ১২ ডিসেম্বর |

২। উল্লিখিত সময়সূচি অনুযায়ী পূর্ববর্তী সর্বাধিক ০১ (এক) ক্যালেন্ডার বছর অর্থাৎ জানুয়ারি ২০২১-ডিসেম্বর ২০২১ এর কর্মকান্ড বিবেচনাপূর্বক ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১ এবং ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনাবলী সহ নিম্নোক্ত শর্ত/নির্দেশনাবলী প্রতিপালন সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্ত/নির্দেশনাবলীঃ

১. 'ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১' অনুসারে আবেদন দাখিল করতে হবে। বিশেষতঃ এ নীতিমালার ৮ এবং ১০ নম্বর ধারায় বর্ণিত মনোনয়ন ও বাছাই প্রক্রিয়া সম্পর্কিত বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২. কোন ব্যক্তি, দল বা প্রতিষ্ঠান কোন উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান ইত্যাদির জন্য জাতীয় পর্যায়ে পুরস্কার প্রাপ্ত হলে ঐ একই উদ্ভাবন/প্রকল্প/উদ্যোগ/অবদান এর জন্য ডিজিটাল বাংলাদেশ পুরস্কারের জন্য বিবেচিত হবেন না।

৩. জেলা বাছাই কমিটি সকল ক্ষেত্রে প্রাপ্ত আবেদনসমূহ যাচাই-বাছাই করতঃ গ্রহণযোগ্য আবেদনসমূহ কেন্দ্রীয় বাছাই কমিটির নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ করবে।

৪. অনলাইনে www.digitalbangladesh.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আবেদন দাখিল করতে হবে। এছাড়াও, ডিজিটাল বাংলাদেশ পুরস্কার নীতিমালা ২০২১, মনোনয়ন ছক এবং এ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনাবলী www.ictd.gov.bd এবং www.doict.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৫. পুরস্কার সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

20.7.2022

মোহাম্মদ নাভিদ শফিউল্লাহ
অতিরিক্ত সচিব (অর্গানাইজেশনাল সাপোর্ট অনুবিভাগ)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ও
মহাপরিচালক